রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৫, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

## প্রজ্ঞাপন

তারিখ, ১১ এপ্রিল ২০০২/২৮ চৈত্র ১৪০৮

এস, আর, ও নং ৬৫-আইন/২০০২/স্থাসবি/প্রজেই-৪/জেপ-৭৬/৯৪।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯নং আইন) এর ধারা ৭৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল এবং আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ১১ এর "৫০০" সংখ্যার পরিবর্তে "২৫০০" সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(খ) বিধি ১৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৮ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১৮। আনুতোষিক।—কোন কর্মচারীর আনুতোষিক প্রদান সংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলী প্রযোজ্য হইবে।

ব্যাখ্যা ঃ একজন সরকারী কর্মচারী অবসর গ্রহণকালে তার গ্রস পেনশনের ৫০% (শতকরা ৫০ ভাগ) সমর্পণ করিয়া এককালীন আনুতোষিক প্রাপ্য হইবেন। এই বিধি দ্বারা কেবলমাত্র উল্লিখিতরূপে নির্ধারিত আনুতোষিক বুঝানো হইয়াছে।" ;



মূল্য ঃ টাকা ১.০০

(গ) বিধি ২০ এর উপ-বিধি (১) এর—

(অ) "এক মাসের" শব্দগুলি, দুইবার উল্লিখিত, এর পরিবর্তে "তিন মাসের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(আ) শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কর্মচারীর পূর্ববর্তী কর্মস্থল হইতে আনুতোষিক তহবিল স্থানান্তর করা না হইলে, তাহার প্রাপ্য আনুতোষিক বা বিশেষ আনুতোষিক আনুপাতিক হারে সংশ্লিষ্ট জেলা পরিষদ বা স্থানীয় কর্তৃপক্ষ প্রদান করিবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ ওয়াই বি আই সিদ্দিকী
সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত,
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।